নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University : NSTU
নোয়াখালী-৩৮১৪

Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Mobile : 880-01733998894
E-mail : pronstu@gmail.com
Website : www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

মুজিব শতবর্ষ MUJIB 100

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ বিজ্ঞপ্তি/২০২৩/১৭৮৪ ২১ ফেব্রুয়ারি ২০২৪

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

# নোবিপ্রবিতে যথাযোগ্য মার্যাদায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ পালিত হয়েছে। এ উপলক্ষে আজ বুধবার (২১ ফেব্রুয়ারি ২০২৪) সকালে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলমের নেতৃত্বে শোক পদযাত্রা, নোবিপ্রবি কেন্দ্রীয় শহিদ মিনারে পুস্পার্ঘ্য অর্পণ, গার্ড অব অনার প্রদান, আলোচনা সভা ও কালো ব্যাজ ধারণ করা হয়।

এ উপলক্ষে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা হয় এবং কালো পতাকা উত্তোলন করা হয়। সকালে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়। পরে প্রশাসনিক ভবনের সামনে থেকে শোক পদযাত্রা শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শহিদ মিনারে পুস্পস্তবক অর্পণের মাধ্যমে শেষ হয়। এসময় নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. দিদার-উল-আলমের নেতৃত্বে ভাষা শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। পুস্পস্তবক অর্পণে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। পরে নোবিপ্রবি শিক্ষক সমিতি, বিভিন্ন অনুষদ, বিভাগ, ইনস্টিটিউট, হল, বাংলাদেশ ছাত্রলীগ নোবিপ্রবি শাখা, অফিসার্স এসোসিয়েশন, কর্মচারীবৃন্দ ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর।

প্রধান অতিথির বক্তৃতায় নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, আজকের এই দিনে সকল ভাষা শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করছি। যেকোন জাতির তুলনায় আমরা অনেক দিক থেকে এগিয়ে আছি। আমরা বাংলা ভাষায় গুছিয়ে মনের ভাব প্রকাশ করতে পারি এটা আমাদের অনেক বড় পাওয়া। আমাদের দেশে ২০০৮-০৯ সালের পর থেকে এ পর্যন্ত অনেক কিছুই অর্জিত হয়েছে যার পেছনে অবদান রেখেছেন আমাদের প্রিয় নেত্রী বঙ্গবন্ধুকন্যা দেশরত্ন শেখ হাসিনা। পাকিস্তানিরা আমাদেরকে নানভাবে বঞ্চিত করেছিলো যদিও আমরা ছিলাম সংখ্যাগরিষ্ঠ। বর্তমানে আমরা পাকিস্তানের চেয়ে বেশী শক্তিশালী গণতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হয়েছি যা অত্যন্ত গর্বের। বঙ্গবন্ধু ভাষা আন্দোলনের সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে ছিলেন এবং তিনি ভাষা সংগ্রামের জন্য জেল খেটেছিলেন। জেলখানাতেও কিছুসংখ্যক কয়েদীকে নিয়ে তিনি আন্দোলন করতে চেয়েছিলেন কিন্তু তাকে বাধার সম্মুখীন হতে হয়েছিলো। ভাষার উপর ভিত্তি করে স্বাধীনতা লাভ করে এমন দেশ একমাত্র বাংলাদেশ। বিক্ষিপ্তভাবে বাঙ্গালীয়ানা প্রয়োগ না করে সর্বক্ষেত্রে আমাদেরকে মনে প্রাণে বাঙ্গালী এবং বঙ্গবন্ধুর সৈনিক হতে হবে। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

বিশেষ অতিথির বক্তব্যে মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, আজ মহান শহিদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস দিবস। এই দিনে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। সেইসাথে স্মরণ করছি ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সকল ভাষা শহিদদের, ১৯৭১ এর মহান মুক্তিযুদ্ধের সকল শহিদদের, ১৯৭৫ এর ১৫ আগষ্ট বঙ্গবন্ধু পরিবারের শহিদ সদস্যদের। আজকের এই দিনে শিক্ষার্থীদের উপস্থিতি আমাকে আনন্দিত করেছে। আমরা যেন পরস্পরের প্রতি শ্রদ্ধা ও সহমর্মিতা বজায় রাখি। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

অনুষ্ঠানের সভাপতি মাননীয় উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, আমরা ভাষা আন্দোলনের সাথে বঙ্গবন্ধুর সরাসরি সম্পৃক্ততা দেখতে পাই। ১৯৪৮ থেকে ১৯৫২ সাল পর্যন্ত রাজনৈতিক ক্রমধারা দেখলে আমরা বলতে পারি বঙ্গবন্ধু একজন ভাষা সৈনিক ছিলেন। আশা করি সবার সহযোগিতায় আমরা নোবিপ্রবিকে এগিয়ে নিয়ে যাবো। ছাত্রছাত্রীদের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণ আজকের আয়োজনকে সমৃদ্ধ করেছে। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

ফারিয়ান তাহরিম ও লিজা তেরেজা রোজারিওর সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নোবিপ্রবি রেজিস্ট্রার জনাব মোঃ জসীম উদ্দিন। এছাড়াও বক্তব্য রাখেন, নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান,

নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব মোঃ মেজবাহ উদ্দিন পলাশ, সাধারণ সম্পাদক জনাব মোঃ ইবনে ওয়াজিদ ইসলাম ইমন, বাংলাদেশ ছাত্রলীগ নোবিপ্রবি শাখার সভাপতি জনাব জাহিদুর রহমান (নাঈম রহমান), সাধারণ সম্পাদক জনাব জাহিদ হাসান শুভ, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দের পক্ষ থেকে ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম মাহবুবুর রহমান, ইনস্টিটিউটের পরিচালকবৃন্দের পক্ষ থেকে ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজির পরিচালক অধ্যাপক ড. মোঃ সেলিম হোসেন, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দের পক্ষ থেকে মাইক্রোবায়োলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ফিরোজ আহমেদ, হলসমূহের প্রভোস্টবৃন্দের পক্ষে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের প্রভোস্ট জনাব মোঃ মোহিনুজ্জামান, কর্মকর্তাদের পক্ষে প্রধান প্রকৌশলী জনাব মোঃ জামাল উদ্দিন, কর্মচারীদের পক্ষে জনাব আবদুল্লাহ আল মামুন এবং নোবিপ্রবি শিক্ষার্থীদের পক্ষ থেকে আইআইএস বিভাগের শিক্ষার্থী জনাব শাহ আফজাল খান।

এসময় আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবির বিভিন্ন অনুষদসমূহের ডিনবৃন্দ, ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, হলের প্রভোস্টবৃন্দ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দ, বাংলাদেশ ছাত্রলীগ নোবিপ্রবি শাখার নেতৃবৃন্দ এবং ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ এর প্রথম প্রহর রাত ১২টা ১ মিনিটে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলমের নেতৃত্বে নোবিপ্রবি কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ ও কালো ব্যাজ ধারণ করা হয়।

R. Kaiser

রায়হান কায়সার হাশেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।